

নং : ১৫.৫৬.৪৭০০.০৭৩.১৬.০০২.২৩.১৮১

তারিখঃ ০১.০৪.২০২৪খ্রি.

বিষয় : মার্চ-২০২৪ মাসের দ্বিতীয় পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।

বিদ্যুৎ পরিস্থিতি : মাঝে মাঝে সীমিত সময়ের জন্য খুলনা সিটি কর্পোরেশন এলাকায় লোডশেডিং দেখা গেলেও বিদ্যুৎ নিয়ে জনমনে অস্বস্তি নেই। বিদ্যুৎ সরবরাহ প্রায় স্বাভাবিক রয়েছে।

স্থানীয় বিষয় : খুলনা সিটি কর্পোরেশনের সর্বস্তরের জনগণ অত্যন্ত শ্রদ্ধার সাথে পালন করে ২৫ মার্চ গণহত্যা দিবস। শহীদের আত্মার শান্তি কামনায় ২৫ মার্চ রাত ১১ টা থেকে ১১টা ০১ মিনিট পর্যন্ত পালিত হয় ব্লাক আউট। পুরো খুলনা শহর ০১ মিনিটের জন্য পরিণত হয় অন্ধকারের নগরী। ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ব্যাপক উৎসাহ উদ্দীপনায় পালিত হয়। বিশেষ করে শিশু কিশোরদের উৎসাহ ছিল চোখে পড়ার মতো। স্বাধীনতা দিবসে খুলনা মহানগরী পরিণত হয় আলোকসজ্জার নগরী।

পরিবেশ : খুলনা সিটি কর্পোরেশন এলাকায় বায়ুমানের উন্নতি সাধনে পরিবেশ অধিদপ্তর ও খুলনা সিটি কর্পোরেশনের আশেপাশের অবৈধ ইটটাটাপুলোর বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রেখেছে।

আইন শৃঙ্খলা : আইন-শৃঙ্খলা বাহিনীর সার্বিক তৎপরতায় খুলনা সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক।

দ্রব্যমূল্য : পবিত্র রমজানমাসে দ্রব্যমূল্য স্বাভাবিক রয়েছে। বলা চলে উৎপাদিত কৃষিজপণ্য বিশেষ করে শাক-সবজির দাম স্বাভাবিকের তুলনায় কম। আলু, মাংস ও মাছের দাম কিছুটা বেশি হলেও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম স্বাভাবিক রয়েছে। বাজারে খেজুরের সরবরাহ বাড়াই এর দামও স্বাভাবিক রয়েছে।

নৈতিক অবক্ষয় : নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারণা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার : অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাশ্বরে কল করার জন্য বলা আছে।

আর্থ-সামাজিক উন্নয়ন : ‘আমার গ্রাম আমার শহর’ কার্যক্রমের আওতায় গ্রামের আর্থ-সামাজিক চিত্র বদলে গেছে। কর্মমুখী জীবন ব্যবস্থা গড়ে উঠছে। সরকার কর্তৃক চালুকৃত বিভিন্ন ধরনের ভাতা এ অঞ্চলের অনগ্রসর শ্রেণীকে বেশ স্বাবলম্বী করে তুলেছে। এছাড়া আর্থসামাজিক উন্নয়নের কারণে শ্রমিক মজুরি বৃদ্ধি পাওয়ায় গ্রামঞ্চল হত দরিদ্রের সংখ্যা ক্রমশ হ্রাস পাচ্ছে।

আশ্রয়ন প্রকল্প : খুলনা জেলার বিভিন্ন উপজেলাতে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ আশ্রয়ন প্রকল্পের আওতায় গৃহহীনদের মাঝে ঘর উপহার দেয়া হয়েছে। সরেজমিনে গিয়ে দেখা যায় উপকার ভোগীদের মুখে স্বস্তি ও প্রসংশা বিরাজ করছে এবং এতে করে ভাসমান এবং গৃহহীনরা যেমন ঘর পেয়েছেন তেমনি করে তারা নিজস্ব আবাসস্থলে থাকতে পারছেন। ফলে সমাজে তাদের এক ধরনের সম্মানজনক অবস্থান তৈরী হয়েছে। প্রশাসনের আন্তরিকতায় ঘর পেয়ে অনেকেই সন্তুষ্টি প্রকাশ করেছেন এবং প্রধানমন্ত্রীর এমন উদ্যোগকে মানবিক কাজ হিসাবে উল্লেখ করেছেন।

পদ্মাসেতু: পদ্মাসেতুর কল্যাণে দক্ষিণাঞ্চলের উন্নয়ন ধীরে ধীরে দৃশ্যমান হচ্ছে। দক্ষিণাঞ্চলের পদ্মা সেতুর সংযোগ সড়কের চারপাশে নানা ধরনের উন্নয়নমূলক অবকাঠামো গড়ে উঠছে। খুলনা অঞ্চলের উৎপাদিত তরমুজ অতি অল্প সময়ের মধ্যে রাজধানীর কাওরান বাজার সহ বিভিন্ন এলাকায় পৌঁছে যাওয়ায় তরমুজ চাষীরা তরমুজের ভাল দাম পাচ্ছে। ঢাকা থেকে যশোর পর্যন্ত পদ্মাসেতুর উপর দিয়ে ট্রেন চলাচল উদ্বোধন দেখার জন্য দক্ষিণাঞ্চলের মানুষজন অধীর আগ্রহে অপেক্ষা করছে।



০১/০৪/২০২৪

গাজী জাকির হোসেন
পরিচালক

০২৪৭৭ ৭২১৮৪২

ই-মেইল-ddinfokhulna@gmail.com